

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(উপজেলা-১ শাখা)  
(www.lgd.gov.bd)

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.২৬.০৫৯.১৩-১৫৭


তারিখ: ২০ ফাল্গুন ১৪৩০।  
০৪ মার্চ ২০২৪।

বিষয়: জয়পুরহাট জেলার আক্কেলপুর উপজেলা পরিষদের নিজস্ব জমিতে মার্কেট নির্মাণের প্রশাসনিক অনুমোদনের জন্য তথ্য প্রেরণ।

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট এর স্মারক নং-৭৩৪; তারিখ: ০২/১১/২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জয়পুরহাট জেলার আক্কেলপুর উপজেলা পরিষদের নিজস্ব জমিতে মার্কেট নির্মাণের প্রস্তাব বিবেচনার সুবিধার্থে পরিষদের রাজস্ব তহবিলে পর্যাপ্ত অর্থ থাকা সাপেক্ষে নিম্নবর্ণিত তথ্য এবং সুস্পষ্ট মতামতসহ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) উপজেলা পরিষদের নিজস্ব জমিতে মার্কেট নির্মাণ করা হলে পরিষদের নিরাপত্তার ক্ষেত্রে সমস্যা সৃষ্টি হবে কি না;
- (খ) প্রতিটি দোকানের আয়তন;
- (গ) প্রতিটি দোকানের ভাড়া কত হতে পারে এবং বছরে কী পরিমাণ রাজস্ব আয় হবে;
- (ঘ) সম্মানি প্রদানসহ পরিষদের অন্যান্য কার্যক্রম ব্যাহত হবে কি না;
- (ঙ) এক অর্থ বছরে কাজ সম্পন্ন করা সম্ভব কি না;
- (চ) উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের হালনাগাদ বিবরণী।

  
(পুরবী পৌরদার)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ০২-২২৩৩৮২২৪৭  
E-mail: lgdupazila1@lgd.gov.bd

উপপরিচালক, স্থানীয় সরকার  
জয়পুরহাট।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, জয়পুরহাট।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আক্কেলপুর, জয়পুরহাট।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।